

স্বাস্থ্যমন্ত্রী বললেন  
আগামী শিক্ষাবর্ষেই  
টাঙ্গাইল মেডিকেল  
কলেজের কার্যক্রম

■ টাঙ্গাইল প্রতিনিধি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, আগামী শিক্ষাবর্ষ থেকেই টাঙ্গাইল মেডিকেল কলেজের কার্যক্রম শুরু হবে। তিনি বলেন, প্রধানমন্ত্রী দুই বছর আগেই টাঙ্গাইল মেডিকেল কলেজ প্রতিষ্ঠার প্রতিশ্রুতি দিয়েছিলেন। কেন-বিলম্ব হয়েছে তা বুঝতে পারছি না। টাঙ্গাইলের মানুষের দাবি মেডিকেল কলেজের। এটা আমারও দাবি। তার আগে আমার একটি চাওয়া আছে, চিকিৎসক ও নার্সদের কাছে। সীমিত সম্পদ সুষ্ঠুভাবে কাজে লাগিয়ে সর্বোচ্চ সেবা দিতে হবে। গ্রামে ঘানের পোস্টিং তাদের সেখানে থাকতে হবে। এখন অবকাঠামো, বিদ্যুৎসহ সব সুযোগ-সুবিধা গ্রামে আছে। তারপরও চিকিৎসকরা কেন গ্রামে থাকবেন না। তিনি গতকাল সোমবার বিকেলে টাঙ্গাইলে ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল পরিদর্শন শেষে এক মতবিনিময় সভায় এসব কথা বলেন।

সভায় টাঙ্গাইল জেলা পরিষদের প্রশাসক ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ফজলুর রহমান খান, টাঙ্গাইলের জেলা প্রশাসক আনিসুর রহমান মিল্লা, বিএমএ সহ-সভাপতি কামরুল হাসান খান, পৌরসভার মেয়র, শহিদুর রহমান খান, স্বাস্থ্য অধিদফতরের পরিচালক (প্রশাসন) মো. শাহনেওয়াজ, টাঙ্গাইলের সিভিল সার্জন সৈয়দ ইবনে সাদিক প্রমুখ বক্তব্য রাখেন।